

পরীক্ষার প্রশ্নপত্রে খালেদা
জিয়া সম্পর্কে মানহানিকর
বিশেষণ ব্যবহারের প্রতিবাদে
খুলনায় সমাবেশ

খুলনা ব্যুরো : ঢাকার গাজীপুরস্থ রাজেন্দ্রপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়ের ৮ম শ্রেণীর ২য় সাময়িক পরীক্ষায় গণিত বিষয়ে ৬নং প্রশ্নে বিএনপির চেয়ারপার্সন ও বিরোধী দলীয় নেত্রী বেগম খালেদা জিয়া সম্পর্কে মানহানিকর বিশেষণ ব্যবহার করার প্রতিবাদে গতকাল শনিবার খুলনায় বিএনপি এক প্রতিবাদ সভার আয়োজন করে।

বিএনপি নেতা আনোয়ারুল কাদির খোকনের সভাপতিত্বে দলীয় কার্যালয়ের সামনে অনুষ্ঠিত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তৃতা করেন সৈয়দ শামসুল আলম, জাফর উল্লাহ খান সাদু, সাহারুজ্জামান মোর্ত্তজা, মোঃ আঃ মালেক, মোঃ রাশেদ, ছাত্র নেতা ওয়াহিদুজ্জামান চঞ্চল প্রমুখ।

সভায় বক্তারা বর্তমান তাবেদার সরকারের ছত্রছায়ায় লালিত ষড়যন্ত্রকারীদের বিরুদ্ধে হুঁশিয়ারী উচ্চারণ করে বলেন, বেগম জিয়ার সম্মান অক্ষুণ্ণ রাখতে শহীদ জিয়ার সৈনিকেরা জীবন দিতে প্রস্তুত। বক্তারা বলেন, এ সরকার ক্ষমতায় থাকার অধিকার হারিয়েছে। জনধিকৃত হয়েছে। তাই বিরোধী দলের কুৎসা রটাচ্ছে। তা কখনোই মেনে নেয়া হবে না।